


iBAS++



বাজেট প্রণয়ন



বাজেট ব্যবস্থাপনা



ব্যয় এবং অর্থপ্রদান
ব্যবস্থাপনা



হিসাবরক্ষণ ও আর্থিক
প্রতিবেদন



iBAS++
মডিউল


রাজস্ব এবং প্রাপ্তি
ব্যবস্থাপনা



পেনশন



পে-রোল



মানব সম্পদ ব্যবস্থাপনা



ইন্স্টিটিউশন অব পাবলিক ফাইন্যান্সিয়াল সার্ভিস ডেলিভারি গ্রুপ
ইমপ্লিমেন্টেশন অব BACS & iBAS++
স্ট্রেন্দেরিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু
এনাবল সার্ভিস ডেলিভারি (SPFMS)
অর্থবিভাগ, অর্থমন্ত্রণালয়

iBAS++ সহজে, দ্রুত, নিরাপদে

একটি গতিশীল ও আধুনিক আর্থিক ব্যবস্থাপনা প্রবর্তনের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। এরই ধারাবাহিকতায় স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু অ্যানাবল সার্ভিস ডেলিভারি (এসপিএফএমএস) প্রোগ্রামের মাধ্যমে সরকারি আর্থিক ব্যবস্থাপনাকে আরো শক্তিশালীকরণ এবং ডিজিটলাইজড কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এসপিএফএমএস কর্মসূচির আওতায় ইম্প্রুভমেন্ট অব পাবলিক ফাইন্যান্সিয়াল সার্ভিস ডেলিভারি থ্রু ইমপ্লিমেন্টেশন অব BACS & iBAS++ স্কিম কর্তৃক ইন্টিগ্রেটেড বাজেট এবং অ্যাকাউন্টিং সিস্টেম (iBAS++) উন্নয়ন করাসহ সারাদেশে তা বাস্তবায়ন করা হচ্ছে। iBAS++ বাংলাদেশ সরকারের সমন্বিত আর্থিক তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি যার মাধ্যমে জাতীয় বাজেট প্রণয়ন ও বাস্তবায়নসহ সরকারের হিসাবরক্ষণ কার্যক্রম সম্পাদন করা হয়ে থাকে। এই সিস্টেমটিতে এখন মোট আটটি মডিউল রয়েছে যার মাধ্যমে সরকারের আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত বহুবিধ কার্য সম্পাদিত হচ্ছে। iBAS++ হতে ৪০০ টিরও বেশি প্রতিবেদন প্রাপ্তির সুযোগ রয়েছে যা আর্থিক ব্যবস্থাপনা পর্যবেক্ষণ ও মূল্যায়ন এবং সিদ্ধান্ত গ্রহণে অত্যন্ত সহায়ক। এছাড়াও এ প্রতিবেদনগুলো নিরীক্ষা কার্যক্রমকে অধিকতর যুগোপযোগী ও সহজ করেছে। iBAS++ এর সাথে বাংলাদেশ ব্যাংকের কোর ব্যাংকিং সিস্টেম, ইলেকট্রনিক গভর্নেন্স প্রকিউরমেন্ট (ইজিপি) সিস্টেম, ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (টিআইএন) ডাটাবেইজ, ন্যাশনাল আইডেন্টিফিকেশন ডাটাবেইজ (এনআইডি) এবং পরিকল্পনা কমিশনের এডিপি/আরএডিপি ম্যানেজমেন্ট সিস্টেমসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সিস্টেমের আন্তঃসংযোগ স্থাপন করা হয়েছে; এতে পারস্পারিক তথ্য বিনিময়ের মাধ্যমে আর্থিক পরিষেবা স্বচ্ছতার সাথে দ্রুত সরবরাহ নিশ্চিত করা সম্ভব হচ্ছে।

Features of iBAS++



কেন্দ্রীভূত
ইন্টারনেটভিত্তিক
সিস্টেম



স্থানীয় প্রকৌশলী
দ্বারা উন্নয়নকৃত



জেনারেল লেজার ভিত্তিক
আর্থিক প্রতিবেদন



কার্যকর বাজেট
নিয়ন্ত্রণ



অনলাইনে বেতন
বিল দাখিল



স্বয়ংক্রিয় আর্থিক
লেনদেন



রিয়াল টাইম ভিত্তিক
লেনদেন



সরকারি অফিস,
হিসাব মহানিয়ন্ত্রকের
কার্যালয় ও বাণিজ্যিক
ব্যাংকসমূহের মধ্যে
স্বয়ংক্রিয়
আন্তঃসংযোগ স্থাপন



দিন শেষে
সরকারের প্রাপ্তি ও
পরিশোধের প্রকৃত
ব্যালেন্স যাচাই

iBAS++ এর সুবিধাভোগী:



১২,৭১,৩১৭
সরকারি কর্মচারী




৮,৬৩,১৬৭
পেশনার



১,০১,২১,৯৮৯
সামাজিক নিরাপত্তার
আওতায় সুবিধাভোগী



১,৬২,৫৫,৩২৯
শিক্ষার্থী




৩৪,৩৭,৩৫৩
করোনায় সুবিধাভোগী



১,৭৮,৩২১
সরবরাহকারী


iBAS++ এর কার্যাবলী



iBAS++ -এর ব্যাপ্তি

- ১,২৯৩ পে-পয়েন্টসমূহ
- ২৭,২৬৭ অফিসসমূহ
- ২,৯৪,৪০৬ ব্যবহারকারী
- ৩,২১,৮৭,৪৭৬ সুবিধাভোগী

iBAS++ এর ব্যবহারকারী



'এসপিএফএমএস' প্রোগ্রামের ই-সার্ভিসসমূহ



এ-চালান সিস্টেম (স্বয়ংক্রিয় চালান পদ্ধতি)

- ওয়েব-ভিত্তিক সিস্টেম (পেমেন্ট গেটওয়ে) যার মাধ্যমে সরকারি রাজস্ব/ফি সরাসরি সরকারি কোষাগারে জমা করা যায়।
- সিস্টেম থেকে স্বয়ংক্রিয়ভাবে তাৎক্ষণিক চালান তৈরি হয়
- ৮৪ ধরনের রাজস্ব/ফি এ-চালানের মাধ্যমে জমা করা যায়
- অর্থ প্রদানের পদ্ধতি: নগদ, ইন্টারনেট ব্যাংকিং, মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস, ডেবিট/ক্রেডিট কার্ড



স্বয়ংক্রিয় পদ্ধতিতে সরকারি কর্মচারীদের বেতন প্রদান

- অনলাইন বেতন নির্ধারণ ও কর্মচারীদের বিভিন্ন তথ্য সংরক্ষণ
- অনলাইনে বেতন ও উৎসব বিল দাখিল এবং ব্যাংক অ্যাকাউন্টে ইএফটি প্রেরণ
- জিপিএফ, ঋণ ও অগ্রিম, অগ্রিম আয়কর, বাড়িভাড়া প্রভৃতি প্রতিবেদন সিস্টেম থেকে প্রাপ্তি



পেনশন অটোমেশন

- এনআইডি ও ইপিপিও ভিত্তিক কেন্দ্রীভূত পেনশনার ডাটাবেজের উন্নয়ন
- পেনশনারের ব্যাংক অ্যাকাউন্টে ইএফটি-এর মাধ্যমে অর্থ প্রেরণ
- মোবাইল অ্যাপে ফেস ডিটেকশনের মাধ্যমে পেনশনারের লাইফ ভেরিফিকেশন (বাস্তবায়নাধীন)



জাতীয় সঞ্চয়পত্র স্কিম অনলাইন ব্যবস্থাপনা পদ্ধতি

- সঞ্চয়পত্র, পোস্ট অফিস সেভিংস ব্যাংক- সাধারণ ও স্থায়ী আমানত এবং প্রবাসী বন্ড এর লেনদেন অটোমেশন
- মুনাফা ও মূলধন ইএফটি-এর মাধ্যমে গ্রাহকের ব্যাংক অ্যাকাউন্টে প্রেরণ
- দ্রুততার সাথে, স্বল্প ভ্রমণ ও ব্যয়ে নাগরিক সেবা নিশ্চিতকরণ